



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com



স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য/২০২২/০৪

তারিখ:

১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
০১ জুন ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০২২ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২২ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে এসএসসি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করে তাঁর কেন্দ্রের জন্য ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কেন্দ্র কমিটি গঠন করে অনুমোদন নেওয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো :

১। সভাপতি : জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা “ কেন্দ্র কমিটির ” সভাপতি হিসেবে অন্তর্ভুক্ত হবেন।

২।

(ক) জেলা শিক্ষা কর্মকর্তা (জেলা সদর/মহানগরীর জন্য)/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (উপজেলার ক্ষেত্রে)।

(খ) সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ১ জন ও বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ১ জন সদস্য হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত হবেন (সংশ্লিষ্ট এলাকায় সরকারি উচ্চ বিদ্যালয় না থাকলে বেসরকারি বিদ্যালয়ের ২ জন প্রধান শিক্ষক উক্ত পদে দায়িত্ব পালন করবেন)।

(গ) কেন্দ্র সচিব “ কেন্দ্র কমিটির ” সদস্য সচিব হিসেবে বিবেচিত হবেন। বোর্ড কর্তৃক অনুমোদিত কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কেন্দ্র সচিবের দায়িত্ব পালন করবেন। তবে কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে সংশ্লিষ্ট বোর্ডের কোন কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না।

উল্লেখ্য, পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী কমিটি গঠনপূর্বক পরীক্ষার মালামাল গ্রহণের দিন নিম্নস্বাক্ষরকারীর অনুমোদন নিয়ে মাধ্যমিক শাখায় জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর অরুন চন্দ্র পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক : কেন্দ্র সচিব

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা-২০২২ এর সকল কেন্দ্র।

সদয় অবগতি ও কার্যার্থে :

১। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট বিভাগের সকল উপজেলা (তাঁর উপজেলার সকল কেন্দ্রের জন্য কেন্দ্র কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড সিলেট।

৪। সংরক্ষণ নথি।